গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০১/মূসক/২০১৭ তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ২ এর দফা (৭১) ও দফা (১০৩), ধারা ৪৮ এর দফা (ঢ) এবং ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, ক্রান্তিকালীন মূল্য সংযোজন কর ব্যবস্থাপনা বিষয়ে নিম্নরূপ আদেশ প্রণয়ন করিল, যথা:-

২। ক্রান্তিকালীন পরিস্থিতিতে করণীয়।―জুলাই ১, ২০১৭ তারিখে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ কার্যকর হওয়ার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সারণীর ক্রমিক নং (১) এ বর্ণিত বিষয়ে ক্রমিক নং (৩) এ বর্ণিত পরিস্থিতিতে ক্রমিক নং (৪) এ বিধৃত কার্যক্রম গ্রহণ করিতে হইবেঃ

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	**(২)**	**(৩)**	**(৪)**
১।	নিবন্ধন	(১) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় নিবন্ধিত প্রতিষ্ঠানের করণীয়।	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় দ্রুত পুনঃনিবন্ধিত হইতে হইবে। পুনঃনিবন্ধিত না হইলে ৩০ জুন, ২০১৭ তারিখের পর উক্ত নিবন্ধন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।
		(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় নিবন্ধিত; কিন্তু বার্ষিক টার্নওভার ১ কোটি ৫০ লক্ষ টাকার কম এমন প্রতিষ্ঠানের করণীয়।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত হইতে পারিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিবন্ধনের আবশ্যকতা না থাকার সত্বেও স্বেচ্ছায় নিবন্ধিত হইতে পারিবে।
		(৩) নিবন্ধনের আবশ্যকতা থাকা সত্ত্বেও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় নিবন্ধিত হয়নি এমন প্রতিষ্ঠানের করণীয়।	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় দ্রুত নিবন্ধিত হইতে হইবে।
		(৪) কোনো আমদানিকারক ১১ ডিজিটের BIN ব্যবহারপূর্বক আমদানি কার্যক্রম সম্পন্ন করিয়াছেন;	নূতন ৯ ডিজিটের E-BIN ব্যবহার করিয়া পণ্যচালান খালাস করিতে হইবে।

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
		কিন্তু পণ্যচালান খালাস করিবার নিমিত্তে বিল-অব-এন্ট্রি দাখিল করা হইয়োছে ১ জুলাই, ২০১৭ তারিখ বা তাহার পরে, এরূপক্ষেত্রে করণীয়।	
		(৫) নূতন ৯ ডিজিটের E-BIN ব্যবহার সংক্রান্ত।	জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮১)/২০১৫/৫৪৯, তারিখ: ১০/০৪/২০১৭ এর মাধ্যমে জারিকৃত বিজ্ঞপ্তির নির্দেশনা অনুসরণ করিতে হইবে।
২।	রেয়াত ও চলতি হিসাব	(১) ৩০ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত পুরাতন ১১ ডিজিটের BIN ব্যবহার করিয়া খালাসকৃত উপকরণের ক্ষেত্রে এবং "মূসক-১১" চালানের মাধ্যমে ক্রয়কৃত উপকরণের ক্ষেত্রে রেয়াত গ্রহণ সংক্রান্ত।	আইনের স্বাভাবিক বিধান মোতাবেক ২ করমেয়াদ অর্থাৎ জুন, ২০১৭ মাসের ক্রয়ের বিপরীতে আগস্ট, ২০১৭ মাসের মধ্যে রেয়াত গ্রহণ করা যাইবে।
		(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী চলতি হিসাব রেজিস্টারে (মূসক-১৮) স্থিত সমাপনী জের মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় সমন্বয়করণ।	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ এর বিধান অনুযায়ী হ্রাসকারী সমন্বয় সাধন করা যাইবে।
		(৩) ট্যারিফ মূল্য বিশিষ্ট পণ্যের ক্ষেত্রে রেয়াত : উপকরণের ক্ষেত্রে	(ক) ৩০ জুন, ২০১৭ তারিখে কোন নিবন্ধিত ব্যক্তির নিকট মূল্য সংযোজন কর প্রদত্ত উপকরণ মজুদ থাকিলে উহার পরিমাণ এবং উক্ত উপকরণে পরিশোধিত মোট উপকরণ কর (মূসক) এর পরিমাণ উল্লেখ করিয়া পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে ২ (দুই) প্রস্থে একটি তালিকা প্রস্তুত করিতে হইবে; (খ) উক্ত তালিকার একটি কপি ই-বিআইএন ইস্যুকারি কমিশনারেটের কমিশনারের অবগতির জন্য প্রেরণ করিতে হইবে এবং এক প্রস্থ নিবন্ধিত ব্যক্তির নিকট ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে;

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
			(গ) পরিশিষ্ট-ক এ বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত মূসক ২০১৭ সনের জুলাই, আগস্ট, সেপ্টেম্বর ও অক্টোবর করমেয়াদের দাখিলপত্র (মূসক-৯.১) এর নোট ২৩ এ এক-চতুর্থাংশ পরিমাণ মূসকের একটি হ্রাসকারী সমন্বয় সাধন করিবেন; এবং (ঘ) বর্ণিত উপকরণ কর বিদ্যমান চলতি হিসাব (মূসক-১৮) এ হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন না।
		(৪) ট্যারিফ মূল্য বিশিষ্ট পণ্যের ক্ষেত্রে রেয়াত: উৎপাদিত পণ্যের ক্ষেত্রে	(ক) ৩০ জুন, ২০১৭ তারিখে কোন নিবন্ধিত ব্যক্তির নিকট উৎপাদিত পণ্য মজুদ থাকিলে উহার পরিমাণ এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণে পরিশোধিত মোট উপকরণ কর (মূসক) এর পরিমাণ উল্লেখ করিয়া পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে ২ (দুই) প্রস্থে একটি তালিকা প্রস্তুত করিতে হইবে; (খ) উক্ত তালিকার একটি কপি ই-বিআইএন ইস্যুকারি কমিশনারেটের কমিশনারের অবগতির জন্য প্রেরণ করিতে হইবে এবং এক প্রস্থ নিবন্ধিত ব্যক্তির নিকট ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে; (গ) পরিশিষ্ট-ক এ বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত মূসক ২০১৭ সনের জুলাই, আগস্ট, সেপ্টেম্বর ও অক্টোবর করমেয়াদের দাখিলপত্র (মূসক-৯.১) এর নোট ২৩ এ এক-চতুর্থাংশ পরিমাণ মূসকের একটি হ্রাসকারী সমন্বয় সাধন করিবেন। অর্থাৎ, দাখিলপত্রের (মূসক-৯.১) নোট ২৩ এ উপকরণ ও উৎপাদিত পণ্য উভয়ের জন্য সমন্বিতভাবে একটি হ্রাসকারী সমন্বয় সাধন করিতে হইবে; (ঘ) ৩০শে জুন, ২০১৭ তারিখে বিদ্যমান মজুদকৃত পণ্যের বিপরীতে ব্যবহৃত উপকরণ কর চলতি হিসাব (মূসক-১৮) এ হ্রাসকারী

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
			সমন্বয় সাধন করিতে পারিবেন না; এবং (ঙ) ১ জুলাই, ২০১৭ তারিখ হইতে মজুদ পণ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী মূসক ও প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্ক প্রযোজ্য হইবে এবং উহা উক্ত আইনের বিধান অনুযায়ীই পরিশোধ করিতে হইবে।
		(৫) সংকুচিত ভিত্তিমূল্যের সেবা: উপকরণ কর	(ক) ৩০ জুন, ২০১৭ তারিখে কোন নিবন্ধিত ব্যক্তির নিকট মূল্য সংযোজন কর প্রদত্ত উপকরণ মজুদ থাকিলে উহার পরিমাণ এবং উক্ত উপকরণে পরিশোধিত মোট উপকরণ কর (মূসক) এর পরিমাণ উল্লেখ করিয়া পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে ২ (দুই) প্রস্থে একটি তালিকা প্রস্তুত করিতে হইবে; (খ) উক্ত তালিকার একটি কপি ই-বিআইএন ইস্যুকারি কমিশনারেটের কমিশনারের অবগতির জন্য প্রেরণ করিতে হইবে এবং এক প্রস্থ নিবন্ধিত ব্যক্তির নিকট ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে; (গ) পরিশিষ্ট-ক এ বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত মূসক ২০১৭ সনের জুলাই, আগস্ট, সেপ্টেম্বর ও অক্টোবর করমেয়াদের দাখিলপত্রের (মূসক-৯.১) নোট ২৩ এ এক-চতুর্থাংশ পরিমাণ মূসকের একটি হ্রাসকারী সমন্বয় সাধন করিবেন। (ঘ) বর্ণিত উপকরণ কর বিদ্যমান চলতি হিসাব (মূসক-১৮) এ হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন না; এবং (ঘ) ১ জুলাই, ২০১৭ তারিখ হইতে সেবায় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী মূসক ও প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্ক প্রযোজ্য হইবে এবং উহা উক্ত আইনের বিধান অনুযায়ীই পরিশোধ করিতে হইবে।

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
		(৬) ব্যবসায়ি স্তরে ৪ শতাংশ হারে ভ্যাট পরিশোধকারী করদাতগণের ক্ষেত্রে প্রযোজ্য পদ্ধতি	(ক) ৩০ জুন, ২০১৭ তারিখে কোন নিবন্ধিত ব্যক্তির নিকট মূল্য সংযোজন করযোগ্য পণ্যের মজুদ থাকিলে উহার পরিমাণ এবং উক্ত পণ্যে পরিশোধিত মোট উপকরণ কর (মূসক) এর পরিমাণ উল্লেখ করিয়া পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে ২ (দুই) প্রস্থে একটি তালিকা প্রস্তুত করিতে হইবে; (খ) উক্ত তালিকার একটি কপি ই-বিআইএন ইস্যুকারি কমিশনারেটের কমিশনারের অবগতির জন্য প্রেরণ করিতে হইবে এবং এক প্রস্থ নিবন্ধিত ব্যক্তির নিকট ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে; (গ) পরিশিষ্ট-ক এ বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত মূসক ২০১৭ সনের জুলাই, আগস্ট, সেপ্টেম্বর ও অক্টোবর করমেয়াদের দাখিলপত্র (মূসক-৯.১) এর নোট ২৩ এ এক-চতুর্থাংশ পরিমাণ মূসকের একটি হ্রাসকারী সমন্বয় সাধন করিবেন; (ঘ) বর্ণিত উপকরণ কর বিদ্যমান চলতি হিসাব (মূসক-১৮) এ হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন না; এবং (ঙ) ১ জুলাই, ২০১৭ তারিখ হইতে মজুদ পণ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী মূসক ও প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্ক প্রযোজ্য হইবে এবং উহা উক্ত আইনের বিধান অনুযায়ীই পরিশোধ করিতে হইবে।
৩।	মূল্য ঘোষণা	যদি ৩০ জুন, ২০১৭ তারিখ বা তাহার পূর্বে পণ্য উৎপাদিত হয় কিন্তু ১ জুলাই, ২০১৭ তারিখ বা তাহার পরে পণ্য সরবরাহ দেয়া হয় সেইক্ষেত্রে মূল্য ঘোষণা সংক্রান্ত বিষয়ে করণীয়।	পণ্যের মূল্য ঘোষণা প্রদান করিতে হইবে না; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ব্যবস্থিত হইবে।

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
৪।	উৎসে মূসক কর্তন	(১) কোনো সরবরাহের ক্ষেত্রে সরবরাহ প্রদান, চালানপত্র ইস্যু ও মূল্য প্রদান ইহার মধ্যে কোনো একটি ঘটনা যদি ১ জুলাই, ২০১৭ তারিখ বা তাহার পরে সংঘটিত হয়, সেইক্ষেত্রে উৎসে মূসক কর্তন সংক্রান্ত বিষয়ে করণীয়।	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী এক-তৃতীয়াংশ উৎসে মূসক কর্তন, "মূসক-৬.৬" ফরমে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যুসহ উৎসে মূসক কর্তন সংক্রান্ত অন্যান্য বিধানাবলী পরিপালন করিতে হইবে।
		(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী মূসক-১২খ এর ভিত্তিতে ইস্যুকৃত উৎসে মূসক কর্তনের প্রত্যয়নপত্র ১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের পর কত দিন পর্যন্ত সমন্বয় করা যাইবে।	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী ইস্যুকৃত উৎসে মূসক কর্তনের প্রত্যয়নপত্র (মূসক-১২খ) ১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের পর ইস্যু করা হইলেও তাহা ইস্যু করিবার কর মেয়াদের দাখিলপত্রে হ্রাসকারী সমন্বয় সাধন করা যাইবে।
৫।	অভিন্ন মূল্যে সরবরাহকৃত পণ্য	অভিন্ন মূল্যে পণ্য সরবরাহ করা হইলে উৎপাদন বা প্রথম সরবরাহ পর্যায়েই পরবর্তী সকল পর্যায়ের মূসক পরিশোধ করা হয়। এইরূপ ক্ষেত্রে ১ জুলাই, ২০১৭ তারিখের আগে যে সকল পণ্য এই বিধান অনুসরণ করিয়া সরবরাহ করা হইবে, সে সকল পণ্য যদি বিক্রি না হয় তাহা হইলে ১ জুলাই, ২০১৭ তারিখ বা তাহার পরে করণীয়।	(ক) ৩০ জুন, ২০১৭ তারিখে কোন নিবন্ধিত ব্যক্তির নিকট অভিন্ন মূল্যে সরবরাহতব্য পণ্যের মজুদ থাকিলে উহার পরিমাণ উল্লেখ করিয়া মূসক-১৭ রেজিস্টার হালনাগাদ করিতে হইবে; (খ) মূসক-১৭ এ বর্ণিত মজুদ তালিকায় বর্ণিত পণ্যের বিপরীতে কর পরিশোধের তথ্য জুন, ২০১৭ করমেয়াদের দাখিলপত্রে (মূসক-১৯) প্রদর্শন করিতে হইবে; (গ) জুন, ২০১৭ করমেয়াদের দাখিলপত্রের সহিত মূসক-১৭ এর কপি (সকল পণ্যের জন্য একটি সারসংক্ষেপসহ) দাখিল করিতে হইবে এবং উহার কপি নিবন্ধিত ব্যক্তির নিকট ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে; (ঘ) ১ জুলাই, ২০১৭ তারিখ হইতে উক্ত মজুদের পণ্য সরবরাহরে ক্ষেত্রে আইনের ধারা ১৩৮ এর উপ-ধারা (১) এর শর্তাংশের বিধান অনুযায়ী কোনো মূসক প্রযোজ্য হইবে না;

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
			(ঙ) এই পণ্য অগ্রাধিকার ভিত্তিতে সরবরাহ প্রদান করিতে হইবে এবং যথাসম্ভব দ্রুত উহার মজুদ শেষ করিতে হইবে।
৬।	আপীল নিষ্পত্তি	(১) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী আপীল দায়ের করা হইলে এবং ১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ বা তাহার পরে মামলার রায়ে করদাতা বিজয়ী হইলে ১০% জমাকৃত অর্থ নিষ্পত্তিতে করণীয়।	(১) মামলার চূড়ান্ত রায় থাকা সাপেক্ষে দাখিলপত্রের ২৩ নং নোটের বিপরীতে হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে হইবে।
		(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী আপীল দায়ের করা হইলে এবং ১ জুলাই ২০১৭ এর পরে উক্ত মামলার রায়ে সরকার বিজয়ী হইলে করণীয়।	(২) মামলার চূড়ান্ত রায় থাকা সাপেক্ষে দাখিলপত্রের ১৮ নং নোটের বিপরীতে বৃদ্ধিকারী সমন্বয় সাধন করিতে হইবে।
৭।	নির্মাণ সংস্থা সেবার ক্ষেত্রে টেন্ডার বা চুক্তির কার্যকারিতা	৩০ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সেবা প্রদানের ক্ষেত্রে করণীয়।	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৩ এবং ৪৯ এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহাণ করিতে হইবে।
৮।	শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর হইতে প্রত্যর্পণ গ্রহণ	(১) ৩০ জুন, ২০১৭ পর্যন্ত দাখিলকৃত প্রত্যের্পণ আবেদন	(১) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ করিয়া শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর হইতে নিষ্পত্তি করিতে হইবে
		(২) ৩০ জুন, ২০১৭ তারিখ বা তাহার পূর্বে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন রপ্তানির ক্ষেত্রে	(২) ৩০ জুন, ২০১৭ তারিখ বা তাহার পূর্বে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন যে সকল রপ্তানি সম্পন্ন হইবে উহার বিপরীতে প্রত্যর্পণ প্রাপ্তির জন্য মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর বরাবর আবেদন

ক্রমিক নং	বিষয়	পরিস্থিতি	করণীয়
(১)	(২)	(৩)	(৪)
			করিতে হইবে। মহাপরিচালক উক্ত আইনের বিধান অনুসরণ করিয়া প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তি করিবেন।
		(৩) ১ জুলাই, ২০১৭ বা তৎপরবর্তীতে রপ্তানি ও শূন্যহার বিশিষ্ট সরবরাহের বিপরীতে কাস্টমস অ্যাক্ট, ১৯৬৯ এর আওতায় পরিশোধিত আমদানি শুল্ক, নিয়ন্ত্রণমূলক শুল্কসহ অন্যান্য শুল্ক প্রত্যর্পণ	(৩) কাস্টমস বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড এর অনুশাসন সাপেক্ষে মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর এই ধরণের শুল্ক প্রত্যর্পণ আবেদন গ্রহণ করিয়া কাস্টমস অ্যাক্ট, ১৯৬৯ এর আওতায় নিষ্পত্তি করিতে পারিবেন।

পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মজুদ ও উপকরণ করের পরিমাণ

[এস,আর,ও নং- ...-আইন/২০১৭/.....-মূসক, তারিখ: ...... দ্রষ্টব্য]

ঘোষণার তারিখ :	করদাতা সনাক্তকরণ সংখ্যা (১১ ডিজিট):	করদাতা সনাক্তকরণ সংখ্যা (৯ ডিজিট)
নাম :		
ঠিকানা :		টেলিফোন নং

অংশ-ক: মজুদ উপকরণ সংক্রান্ত তথ্য					
ক্রমিক সংখ্যা	উপকরণের নাম	প্রকৃত মজুদের পরিমাণ		পরিশোধিত মোট উপকরণ কর (মূসক) এর পরিমাণ	মন্তব্য (প্রামাণিক দলিলাদির বিবরণসহ)
		পরিমাণ	মূল্য		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১। ২। ৩।					*
	মোট				
অংশ-খ: সরবরাহতব্য মজুদ পণ্য সংক্রান্ত তথ্য					
ক্রমিক সংখ্যা	পণ্যের নাম	প্রকৃত মজুদের পরিমাণ		পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণে পরিশোধিত মোট উপকরণ কর (মূসক) এর পরিমাণ	মন্তব্য (প্রামাণিক দলিলাদির বিবরণসহ)
		পরিমাণ	মূল্য		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১। ২। ৩।					*
	মোট				
সর্বমোট (অংশ-১ ও অংশ-২ এর কলাম ৫ মোট দ্বয়ের যোগফল)					

আমি ঘোষণা করিতেছি যে, এই ঘোষণাপত্রে প্রদত্ত তথ্যাদি সর্বোতভাবে সম্পূর্ণ, সত্য ও নির্ভুল।

তারিখ :.....................

নিবন্ধিত ব্যক্তির স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান